



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dls.gov.bd

স্মারক নং- ৩৩.০১.০০০০.১১০.৫৩.০৬৬.১৬-


২০২৪

তারিখ: ০২ গৌষ, ১৪২৭ বঙ্গাব্দ
২৭ ডিসেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয় : ১ (এক) দিন বয়সী গ্র্যান্ড প্যারেন্টস্টক (জিপি) মুরগীর বাচ্চা আমদানীর অনুমতি প্রদান প্রসঙ্গে।
সূত্র : নারিশ গ্র্যান্ড প্যারেন্টস্টক লিমিটেড এর ১৩/১২/২০২০ খ্রি. তারিখের আবেদন পত্র।

পর্যবেক্ষণ সূত্রাধীন পত্রের প্রেক্ষিতে আপনাকে Alabama, USA হতে ০১(এক) দিন বয়সী Arbor Acres Grand Parentstock ব্রয়লার জাতের ৭,৪৮৮ টি (সাত হাজার চারশত আটশি) মুরগীর বাচ্চা নিম্নবর্ণিত শর্তে আগামী ১৩/০৩/২০২১ খ্রি. তারিখের মধ্যে আমদানী করার জন্য অনুমতি প্রদান করা হলো:

১. অনুমোদিত সকল গ্র্যান্ড প্যারেন্টস্টক (জিপি) মুরগীর বাচ্চা “সংক্রামক রোগমুক্ত” এ মর্মে রপ্তানীকারক দেশের দায়িত্ব প্রাপ্ত ভেটেরিনারিয়ান দ্বারা প্রত্যয়ন করাত: প্রত্যয়ন পত্র আমদানীর সময় সঙ্গে প্রদান করতে হবে।
২. বাচ্চা দেশে পৌঁছার পর নিজ দায়িত্বে ন্যূনতম ৩ (তিন) সপ্তাহ কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কোয়ারেন্টাইন সময়ে মনিটরিং করবেন ও একটি প্রতিবেদন দাখিল করবেন।
৩. বাচ্চা দেশে পৌঁছার পর-পরই কমপক্ষে ৩ (তিন) টি বাচ্চা সহকারী পরিচালক, কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, বাংলাদেশ, ঢাকার মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তর/স্বাধীন কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮-কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-তে প্রেরণ করতঃ রোগ নির্ণয় প্রতিবেদন সংগ্রহ করে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করবেন।
৪. অনুমোদিত সকল গ্র্যান্ড প্যারেন্টস্টক বিমানযোগে আমদানী করতে হবে এবং এভিয়ান ইনফ্লুয়েঞ্জা আক্রান্ত দেশের ট্রানজিট ব্যবহার করা যাবে না।
৫. বাচ্চা আমদানীর পর খামারের অগ্রগতির প্রতিবেদন প্রতি মাসে-মাসে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
৬. বাচ্চা আমদানীর পর রপ্তানীকারক দেশ হতে প্রাপ্ত স্বাস্থ্যগত সনদপত্র ও এলসির কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
৭. রপ্তানীকারক দেশে/সংশ্লিষ্ট State/City-তে Notifiable AI দেখা দিলে তাৎক্ষণিকভাবে এ আদেশ বাতিল বলে গণ্য হবে এবং এ আদেশ অমান্য করে বাচ্চা আমদানী করলে সকল দায়-দায়িত্ব আমদানীকারক প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
৮. কর্তৃপক্ষ জন্মস্বার্থে যে কোন সময় এ আদেশ বাতিল বা স্থগিত করতে পারবেন।
৯. সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে বাচ্চা বিক্রি করতে হবে।
১০. মুরগীর বাচ্চা দেশে পৌঁছার কমপক্ষে ৭ (সাত) দিন পূর্বে কোয়ারেন্টাইন অফিসার, কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর ঢাকা-কে অবহিত করতে হবে।



নারিশ গ্র্যান্ড প্যারেন্টস্টক লিমিটেড

খামার: ভক্তরামপুর নতুনঘাট, বোদা, পঞ্চগড়।

জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে) অনুলিপি প্রেরণ করা হলো:

১। কমিশনার অফ কার্নিস, ফার্মস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।

২। উপপরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রংপুর।

৩। পি.এস.ও. কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮-কাজী আলাউদ্দিন রোড, ঢাকা। রোগ নির্ণয় প্রতিবেদনের এককপি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পঞ্চগড়। হ্যাচারী পরিদর্শনপূর্বক কোয়ারেন্টাইন সময়ের মনিটরিং প্রতিবেদন এবং প্রতি মাসে-মাসে পরিদর্শন প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

৫। কোয়ারেন্টাইন অফিসার, কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা। কমপক্ষে ৩(তিন) টি বাচ্চা সিডিআইএল, ৪৮-কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-তে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

৬। আইসিটি কর্মকর্তা, আইসিটি শাখা (ডিএলএস এর ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব মহোদয়ের একান্তসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৭/১২/২০২০

(ডা. পূর্ণব কুমার দাস)

সহকারী পরিচালক (প্রশিক্ষণ)

পক্ষে-মহাপরিচালক (গোড-১)

প্রাণিসম্পদ অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।

+৮৮-০২-৯১১৫৯৩৬

ই-মেইল: adtraining.dls@gmail.com

training@dls.gov.bd